গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং ৫১.০১.৩২০০.০২৪.৪১.১১.২৩. ৪১৫ — তারিখঃ ০৫/০৯/২০২৩ খ্রি.

**বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুকূলে বরাদ্দকৃত (১ম পর্যায়) প্রকল্পে অর্থ উপ-বরাদ্দ প্রদান।**

সূত্রঃ বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর মহোদয়ের স্মারক ০৫.৪৭.০০০০.০০৫.০৭.০০৪.২২.৪২২ তারিখঃ ৩০/০৮/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনার মহোদয়ের অনুকূলে (১ম পর্যায়) বরাদ্দের প্রকল্প বাস্তবায়নের জন্য সূত্রোস্থ স্মারকে বরাদ্দকৃত প্রকল্পসমূহ আগামী জেলা কর্ণধার কমিটির সভার অনুমোদন সাপেক্ষে অনুমোদন দেয়া হলো। অনুমোদিত প্রকল্পসমূহের কাজ সর্বশেষ টিআর নির্দেশিকা ও বরাদ্দ পত্রের নির্দেশনা অনুযায়ী শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উপজেলার পাশে উল্লিখিত পরিমাণ অর্থ নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলোঃ-

| ক্রঃ নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | উপ-বরাদ্দকৃত টাকার পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | গাইবান্ধা সদর | শাপলাপাড়া সড়ক ও জনপদ স্টাফ কোয়ার্টার জামে মসজিদ এর উন্নয়ন,গাইবান্ধা পৌরসভা,৩নং ওয়ার্ড। | ১,৫০,০০০/- | |
| ২ | | হযরত শাহ জালাল (রহ:)হাফেজিয়া মাদ্রাসা, হাসপাতাল রোড। | ১,৫০,০০০/- | |
| ৩ | | চাঁন্দের ঘাট গণকবরের সীমানা প্রাচীর নির্মাণ, খোর্দ্দ মালিবাড়ী (পূর্ব চাঁন্দেরঘাট),ডাকঘর:বালাআটা বাজার ,গাইবান্ধা সদর, গাইবান্ধা। । | ১,৫০,০০০/- | |
| ৪ | | কুপতলা বাজার জামে মসজিদ সীমান্য প্রাচীর নির্মাণ,গাইবান্ধা সদর, গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ৫ | | মুর্শিদের বাজার নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ওয়াশ ব্লক নির্মাণ,গাইবান্ধা সদর,গাইবান্ধা। । | ১,৫০,০০০/- | |
| ৬ | | শ্রী শ্রী অদ্বৈত মন্দিরের সংস্কার,বেড়াডাঙ্গা,কুপতলা,গাইবান্ধা সদর,গাইবান্ধা। | ৫০,০০০/- | |
| ৭ | | জেলা প্রশাসকের বাংলোর পুকুড়পাড় সংস্কার ,গাইবান্ধা সদর ,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ৮ | | জেলা শিল্পকলা একাডেমির উন্নয়ন,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ৯ | | গাইবান্ধা জেলার বিভিন্ন ক্লাবের মধ্যে বিতরনের লক্ষ্যে জেলা ক্রীড়া সংস্থা কর্তৃক ক্রীড়া সামগ্রী সংগ্রহ,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ১০ | | গাইবান্ধা সদর উপজেলার তুলশীঘাট কাশীনাথ উচ্চ বিদ্যালয়ের ওয়াশ ব্লক ও শহীদ মিনার সংস্কার। | ১,০০,০০০/- | |
| ১১ | সুন্দরগঞ্জ | উপজেলা পরিষদ শিশু নিকেতন,স্কুল ভবন মেরামত ও শিক্ষা সহায়ক সামগ্রী বিতরণ, সুন্দরগঞ্জ,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ১২ | সাদুল্লাপুর | সাদুল্লাপুর শিল্পকলা একাডেমী নির্মাণ,সাদুল্লাপুর,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ১৩ | | রসুলপুর দ্বিমুখী উচ্চ বিদ্যালয় সংস্কার,সাদুল্লাপুর,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ১৪ | | সাদুল্লাপুর সরবর লেকের উপর শিশু কিশোরদের খেলাধুলার জন্য মিনি পার্ক নির্মাণ। | ১,০০,০০০/- | |
| ১৫ | পলাশবাড়ী | কাশিয়ারবাড়ী বালিকা উচ্চ বিদ্যালয় সংস্কার,পলাশবাড়ী,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ১৬ | গোবিন্দগঞ্জ | বাইতুল আমান জামে মসজিদের টয়লেট নিমার্ণ,পশ্চিম পান্থাপাড়া,গোবিন্দগঞ্জ,গাইবান্ধা। | ১,৫০,০০০/- | |
| ১৭ | | বড়দহ সাহাবাড়ী সার্বজনীন দূর্গা মন্দির সংস্কার,হরিরামপুর,গোবিন্দগঞ্জ,গাইবান্ধা। | ১,৫০,০০০/- | |
| ১৮ | | পান্থাপাড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয় সংস্কার,গোবিন্দগঞ্জ,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ১৯ | সাঘাটা | হাসিলকান্দী মাস্টারপাড়া জামে মসজিদের উন্নয়ন,সাঘাটা,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ২০ | | মথরপাড়া দ্বিমুখী উচ্চ বিদ্যালয় সংস্কার,সাঘাটা,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| ২১ | ফুলছড়ি | দক্ষিণ রতনপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংযোগ সড়ক ও স্কুল সংস্কার,ফুলছড়ি,গাইবান্ধা। | ১,০০,০০০/- | |
| | | মোট | ২৩,৫০,০০০/- | |

**শর্তাবলীঃ**

১। ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩০/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

চলমান-০২

২। বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা টিআর কর্মসূচির নির্দেশিকা-২০২১ অনুসরণ করে সত্তর জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করতে হবে;
৩। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল বিধি-বিধান টিআর নির্দেশিকা-২০২১-এর বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৪। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
৫। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত নগদ অর্থ ফেরত নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬। প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
৭। এই ব্যয় ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট কোড নং- ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে ;
৮। বাস্তবায়নাধীন প্রকল্প এলাকার (ইউনিয়ন/পৌরসভা) নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।
৯। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করাসহ অব্যয়িত নগদ অর্থ যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
১০। উক্ত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ২য় কিস্তির বরাদ্দ বিবেচনা করা হবে না।
১১। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে বাধ্যতামূলক স্থাপন করতে হবে;
১২। গৃহীত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত টাকা ছাড় করতে হবে;
১৩। পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ণের মাধ্যমে কর্মসূচীর সফল বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;
১৪। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন যথারীতি এ কার্যালয়ে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করে নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে;
১৫। নিরীক্ষার জন্য মাস্টার রোল, ভাউচার ও অন্যান্য রেকর্ডসমূহ যথারীতি সংরক্ষণ করবেন ;

সংযুক্ত: বরাদ্দপত্রের ছায়ালিপি পাতা।

(জুয়েল মিয়া)
সহকারী কমিশনার
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভাঃ)
গাইবান্ধা
মোবাইল নম্বরঃ ০১৭০০-৭১৬৭৩৪
ই-মেইল-drrogaibandha@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ/গাইবান্ধা সদর/সাদুল্লাপুর
পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/সাঘাটা/ফুলছড়ি
গাইবান্ধা।

স্মারক নং ৫১.০১.৩২০০.০২৪.৪১.১১.২৩. তারিখঃ /০৯/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা গাইবান্ধা- ।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। উপপরিচালক (কাবিখা-২), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ/গাইবান্ধা সদর/সাদুল্লাপুর/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা।
৬। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ১৬-আঃ গণি রোড, ঢাকা।
৭। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিস, গাইবান্ধা।
৮। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ/গাইবান্ধা সদর/সাদুল্লাপুর/পলাশবাড়ী/গোবিন্দগঞ্জ/সাঘাটা/ফুলছড়ি, গাইবান্ধা। তাঁকে জরুরী ভিত্তিতে প্রকল্প ছক দাখিল পূর্বক টিআর নির্দেশিকা ২০২১, মূল বরাদ্দপত্র ও সর্বশেষ নির্দেশাবলী অনুসরণ করতঃ প্রকল্প বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।
১০। সিএ টু ডিসি, গাইবান্ধা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(জুয়েল মিয়া)
সহকারী কমিশনার
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভাঃ)
গাইবান্ধা